গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

পত্র নং-৩৩.০৭.০০০০.০০১.০০.০২০.৮৯(অংশ-১)- ০৪৭

তারিখঃ ১৪ মাঘ ১৪৩২
২৮ জানুয়ারি ২০২৬

## ৪৬তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে ক্যাডেট ভর্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল

মেরিন ফিশারিজ একাডেমির ৪৬তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে পুরুষ ও নারী ক্যাডেট ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের মেধাক্রমানুসারে বাম হতে ডানে সম্মিলিত তালিকা নিম্নে প্রকাশ করা হলোঃ

**চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর (মেধাক্রমানুসারে):**

| | ডেক | ইঞ্জিন |
|---|---|---|
| পুরুষ ক্যাডেট | 1158 1084 1091 1295 1308<br>1274 1006 1014 1011 1279<br>1150 1179 = ১২ জন | 1178 1306 1060 1097 1225<br>1173 1208 1172 1032 1217<br>1254 = ১১ জন |
| নারী ক্যাডেট | 1161 1044 1175 = ০৩ জন | 1015 1305 1122 1165 = ০৪ জন |

**অপেক্ষমান প্রার্থীদের রোল নম্বর (মেধাক্রমানুসারে):**

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1263 | 1118 | 1255 | 1211 | 1235 | 1104 | 1257 | 1205 | 1192 | 1106 | 1214 | 1180 | 1223 |
| 1167 | 1289 | 1261 | 1258 | 1218 | 1055 | 1149 | 1309 | 1168 | 1239 | 1043 | 1027 | 1212 |
| 1113 | 1303 | 1098 | 1247 | 1029 | 1141 | 1203 | 1114 | 1310 | 1264 | 1054 | 1276 | 1005 |
| 1136 | 1195 | | | | | | | | | | = ৪১ জন | |

**ভর্তি সংক্রান্ত নির্দেশনা:**

১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ০২ ও ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে একাডেমির প্রশাসনিক ভবনে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। আগামী ০২ ও ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ নির্দিষ্ট সময়ের মধ্যে যদি কোন প্রার্থী কোন কারণে ভর্তি হতে ব্যর্থ হয় তবে তার ভর্তির যোগ্যতা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা হতে ভর্তির পর যদি কোন আসন শূন্য থাকে তবে তা আগামী ০৮-১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অপেক্ষমান প্রার্থীদের তালিকা হতে মেধাক্রমানুসারে পূরণ করা হবে এবং নির্বাচিত অপেক্ষমান প্রার্থীদের তালিকা ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকায় একাডেমির ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

৪। একাডেমিতে ভর্তির সময় অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর, চট্টগ্রাম বরাবর টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমির ভর্তি কমিটির নিকট ভর্তির দিন জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, ৪৬তম ব্যাচে মেরিন ফিশারিজ বিভাগে ০২ বছরের প্রি-সী ট্রেনিং কোর্সের ব্যয় বিবরণী একাডেমির ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

৫। **ভর্তির সময় প্রদেয় দলিলাদি**। ভর্তিকৃত ক্যাডেটদেরকে একাডেমিতে যোগদানের পূর্বে নিম্নবর্ণিত মূল সনদ ও দলিলাদি একাডেমি কর্তৃপক্ষের নিকট জমা রাখতে হবে:

ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (জাতীয় পরিচয় পত্র না থাকলে অনলাইন জন্মনিবন্ধনের সত্যায়িত কপি)।

খ) মাধ্যমিক বা 'ও' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের মূল সনদ (মূল সনদ না পাওয়া গেলে সাময়িক সনদ)।

গ) মাধ্যমিক 'এ' লেভেল বা সমমানের পরীক্ষা ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।

ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি।

ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।

চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর বৈবাহিক অবস্থার সনদ।

ছ) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

জ) যথাযথভাবে পূরণকৃত একাডেমি কর্তৃক প্রদত্ত ইনডেমনিটি বন্ড ও অঙ্গীকারনামা।

৬। একাডেমিতে ভর্তির সময় প্রার্থীদের মূল আবেদন ফরম (Main Application Form) একাডেমি হতে প্রদান করা হবে। এছাড়াও এতদ্বসঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী "ইনডেমনিটি বন্ড (১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে; নমুনা সংযুক্ত-১) এবং অঙ্গীকারনামা (৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে, নমুনা সংযুক্ত-২) যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৭। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নবর্ণিত স্বাস্থ্য পরীক্ষাসমূহ যেকোন সরকারি রেজিস্টার্ডভুক্ত মেডিকেল ল্যাব/ প্যাথলজি/ হাসপাতাল হতে সম্পন্ন করতঃ মেডিকেল রিপোর্ট একাডেমিতে ভর্তির সময় জমা দিতে হবে। স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় প্রার্থীদের বহন করতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে প্রয়োজনীয় সংখ্যক নির্বাচিত প্রার্থীদের একই প্রক্রিয়া অনুসরণ করতঃ মেডিকেল রিপোর্ট একাডেমিতে ভর্তির সময় জমা দিতে হবে।

ক) বুকের মাপ, এক্স-রে, উচ্চতা ও ওজন;
খ) রক্তের গ্রুপ, রক্তচাপ, নাড়ির স্পন্দনের হার ও আরএইচ ফ্যাক্টর;
গ) হৃদরোগ;
ঘ) ডায়াবেটিস;
ঙ) পাইলস;
চ) অ্যাজমা;
ছ) কিডনী রোগ;
জ) জন্ডিস;
ঝ) হার্নিয়া;
ঞ) নাক, কান, গলা ও দাঁতের রোগ;
ট) ডোপ টেস্ট;
ঠ) সাইকোলজিক্যাল টেস্ট।

৮। এছাড়াও International Maritime Organization (IMO) এর Protocol অনুযায়ী প্রার্থীর সুস্থতা সম্পর্কে ভর্তির সময় হাঁপানী, মৃগী, পাইলসসহ ক্রনিক রোগে আক্রান্ত নয় মর্মে অভিভাবক কর্তৃক ঘোষণাপত্র/প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে (নমুনা সংযুক্ত-৩)। এছাড়াও একাডেমিতে অবস্থানকালীন/অধ্যয়নরত অবস্থায় জরুরি চিকিৎসার ক্ষেত্রে হাসপাতালে চিকিৎসা শুরু করার অনুমতি পত্র (নমুনা সংযুক্ত-৪)।

৯। ভর্তিকৃত প্রতিটি ক্যাডেটের চারিত্রিক বৈশিষ্ট্য ও অতীত কর্মকান্ড সম্পর্কে নিশ্চিত হবার জন্য ১ (এক) মাসের মধ্যে একাডেমি হতে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশনের প্রতিবেদনে যদি ভর্তিকৃত ক্যাডেট সম্বন্ধে কোন বিরুপ মন্তব্য পাওয়া যায় তবে তার ভর্তি বাতিল হবে এবং ভর্তি বাতিল হবার সাথে সাথে তার একাডেমির ক্যাডেটশীপ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১০। একাডেমির ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সফলভাবে সমাপ্তির পর ও পরবর্তী বিএসসি অনার্স কোর্স শেষে ফিশিং ভেসেল/অন্যান্য সেক্টরে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি মেরিন ফিশারিজ একাডেমির ওয়েব সাইট www.mfacademy.gov.bd হতে সংগ্রহ করতে হবে।

১১। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য হেল্প লাইন নম্বর: ০১৫৫৭-৬৩৬৮৫৭ (সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত- সরকারি ছুটির দিন ব্যতীত)।

১২। ভর্তির জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

অধ্যক্ষ